তারিখ 19 DEC 2002
পৃষ্ঠা ৮ কলাম ৩

ভোরের কাগজ

# বুয়েটে 'মেমব্রেন বেইজড সেপারেশন্স' শীর্ষক কোর্স শুরু

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউট ভবনে ডিসিইর লেকচার কক্ষে বিশ্ববিদ্যালয়ের ডাইরেক্টরেট অফ কন্টিনিউইং এডুকেশন (ডিসিই) কর্তৃক বুয়েট এবং নর্থ ক্যারোলিনা এ এন্ড টি স্টেট ইউনিভার্সিটির লিংকেজ প্রোগ্রামের আওতায় ২ দিনব্যাপী মেমব্রেন বেইজড সেপারেশন্স শীর্ষক একটি সংক্ষিপ্ত কোর্স শুরু হয়েছে গতকাল বুধবার থেকে।

ডাইরেক্টরেট অফ কন্টিনিউইং এডুকেশন পরিচালক অধ্যাপক ড. মোঃ গোলাম মহিউদ্দিনের সভাপতিত্বে আয়োজিত এ অনুষ্ঠানে শুভেচ্ছা বক্তব্য রাখেন কেমিকৌশল বিভাগের প্রধান ড. এজাজ হোসেন এবং কোর্সের সমন্বয়কারী ও কেমিকৌশল বিভাগের অধ্যাপক ড. এ কে এম আবদুল কাদের।

অনুষ্ঠানে কোর্স লেকচারার হিসেবে বক্তব্য উপস্থাপন করেন যুক্তরাষ্ট্রের নর্থ ক্যারোলিনা স্টেট ইউনিভার্সিটি কেমিকৌশল বিভাগের অধ্যাপক ড. সামসুদ্দিন ইলিয়াস। এই কোর্সে জালালাবাদ গ্যাস... জাগো করপোরেশন লিঃ, চিটাগাং ইউরিয়া ফার্টিলাইজার ফ্যাক্টরি কোং লিঃ, পলাশ ইউরিয়া ফ্যাক্টরি লিঃ, শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় ও বুয়েটসহ সরকারি, বেসরকারি বিভিন্ন প্রতিষ্ঠানের সর্বমোট ১৬ জন প্রতিনিধি অংশ নিচ্ছেন। বিজ্ঞপ্তি।